গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ কপিরাইট অফিস
বাংলাদেশ কপিরাইট ভবন, আগারগাঁও,শেরেবাংলা নগর, ঢাকা।
www.copyrightoffice.gov.bd

স্মারক নং- CRF-202614361-24759, 24766, 24767, 24768, 24771, 24772, 24677, 24678, 24680 ও CRF-2022409-14885 —২২২৯

তারিখঃ ১৪ শ্রাবণ ১৪৩৩
২৯ জুলাই ২০২৬

বিষয়: "আলতা সুন্দরী" নামক চলচ্চিত্রকর্মের (নাটক) প্রকৃত স্বত্বাধিকারী নির্ধারণের বিষয়ে শুনানী।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, "আলতা সুন্দরী" নামক চলচ্চিত্র কর্মগুলোর (নাটক) কপিরাইট রেজিস্ট্রেশনের জন্য জনাব মো: হুমায়ুন কবির আবেদন দাখিল করেছেন। দাখিলকৃত হস্তান্তর দলিলের দাতা-জনাব অঞ্জন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, মাছরাঙ্গা প্রোডাকশন্স লিঃ এর স্বপক্ষে প্রয়োজনীয় সকল ডকুমেন্ট/প্রমাণক ও হস্তান্তরগ্রহীতা-জনাব মোরশেদ আলম, চেয়্যারমান ও ব্যবস্থাপনা পরিচালক, আরটিভি এর স্বত্বাধিকারী প্রতিষ্ঠান-ন্যাশনাল টেলিভিশন লিঃ এর স্বপক্ষে প্রয়োজনীয় সকল ডকুমেন্ট/প্রমাণকসহ দাতা ও গ্রহীতা কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করা প্রয়োজন। উল্লেখ্য, ইতোপূর্বে CRF- ২৬১২৩ এ "আলতা সুন্দরী" নামক চলচ্চিত্র কর্ম (নাটক) এর কপিরাইট সনদ সিডি চয়েস কে প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, কর্মটির প্রকৃত স্বত্বাধিকারী নির্ধারণ বিষয়ে শুনানীর জন্য নিম্নোক্ত তারিখ ও সময়সূচী অনুযায়ী প্রত্যেক পক্ষকে প্রয়োজনীয় সকল ডকুমেন্ট/প্রমাণক, হস্তান্তর দলিলের মূলকপি, হস্তান্তর দলিলের দাতা ও গ্রহীতা কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ স্ব স্ব বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় সাক্ষ্য-প্রমাণ, তথ্য এবং প্রয়োজনে লিখিত বক্তব্যসহ স্বয়ং বা আইনানুগ প্রতিনিধির মাধ্যমে শুনানিতে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

| তারিখ | দিন | সময় |
|---|---|---|
| ১৭/০৮/২০২৬ খ্রি. | সোমবার | ১১.০০ |

২। উল্লিখিত তারিখে নির্ধারিত শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হলে কপিরাইট আইন, ২০২৩ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গৃহীত হবে।

২৯/৭/২০২৬

(মোস্তাক আহমেদ)
কপিরাইট সহকারী রেজিস্ট্রার
(সিনিয়র সহকারী সচিব)
ফোন: ০২২২৩৩১৪৮১৫
info@copyrightoffice.gov.bd

বিতরণ:

১. জনাব হুমায়ুন কবির, বেঙ্গল মাল্টিমিডিয়া লিমিটেড ৯৫/এ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮।
২. জনাব মোঃ জহিরুল ইসলাম সোহেল, স্বত্বাধিকারী, সিডি চয়েস, ৪৯/১ পুরানা পল্টন লাইন, ঢাকা, যোগযোগ- ০১৯৩২৭৭৭৫৫৫।
৩। জনাব অঞ্জন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, মাছরাঙ্গা প্রোডাকশন্স লিঃ ঠিকানা-স্কয়ার সেন্টার, ৪৮ মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২।
৪। জনাব শামীম জামান (প্রযোজক), শরং টেলিফ্লিম, ৭০/১, মণিপুরী, ঢাকা।
৫। জনাব মোরশেদ আলম, চেয়্যারমান ও ব্যবস্থাপনা পরিচালক, আরটিভি এর স্বত্বাধিকারী প্রতিষ্ঠান-ন্যাশনাল টেলিভিশন লিঃ, বিএসসি ভবন (ছয় তলা), ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ানবাজার, ঢাকা-১২১৫।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. কপিরাইট রেজিস্ট্রার এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কপিরাইট অফিস, আগারগাঁও, ঢাকা।
২. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কপিরাইট অফিস (ওয়েবসাইটে আপলোডের জন্য)।
৩. কপিরাইট সহকারী রেজিস্ট্রার (প্রশাসন শাখা), বাংলাদেশ কপিরাইট অফিস, আগারগাঁও, ঢাকা।
৪. সংশ্লিষ্ট নথি।

CamScanner